

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৩৭. আল্লাহ ছাড়া অন্য কাউকে আঁকড়িয়ে ধরবেন না।

মহান আল্লাহই যদি জীবন মৃত্যুর মালিক হয় এবং তিনি একাই যদি সকল সৃষ্টির রিযিক যোগিয়ে থাকেন তবে কেন মানুষকে ভয় করা বা তাদের কাজে দুঃখ পাওয়া? আমি মনে করি আমাদের সমাজে অনেক দুঃখ-কষ্ট ও দুশ্চিন্তা-উদ্বিগ্নতা মানুষের সাথে আমাদের সম্পৃক্ততার কারণেই হয়, তাদেরকে সম্ভুষ্ট করতে চাওয়ার কারণে, তাদের করুণা পাওয়ার চেষ্টা করার কারণে, তাদের মাঝে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের প্রশংসা করার জন্য চেষ্টা করার কারণে এবং তাদের অপমানকর ব্যবহারে মনে আঘাত পাওয়ার কারণেই হয়। আর এসব কিছু দ্বারা আল্লাহ্র প্রতি মানুষের ঈমানের দুর্বলতার ইঙ্গিত পাওয়া যায়।

فليتك تحلو والحياة مريرة * وليتك ترضى والأنام غضاب إذا صبح منك الود فالكل هين * وكل الذي فوق التراب تراب

"জীবন যখন দুর্বিসহ তখন যদি তুমি সম্ভুষ্ট থাকতে, আর যখন লোকেরা থাকে রাগান্বিত তখন যদি তুমি তৃপ্ত থাকতে, যদি আল্লাহর প্রতি তোমার ভালোবাসা খাঁটি হয় তবে অন্য সব কিছুই তুচ্ছ। আর ময়লার উপরের সব কিছুই ময়লা।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=7646

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন